গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-২১

নং-৩৭.০০.০০০০.০৮২.০০৬.০১৬.১২-৮৫

তারিখ : ২৮ শ্রাবণ ১৪২০বঙ্গাব্দ
১২ আগস্ট ২০১৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন সংখ্যা সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭-১৮৮ তারিখ ২১/৮/১৯৯৭ ইং মোতাবেক প্রকল্পের জনবল নিয়োগ কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদের 'ইংলিশ ল্যাংগুয়েজ ট্রেণার পদে, টাকা-১১০০০- ৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-বেতনক্রমের বিপরীতে সাকুল্য বেতনে কেবলমাত্র প্রকল্পকালীন সময়ের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ ট্রেনিং সেন্টারস-২ (এফএলটিসি-২) শীর্ষক প্রকল্পে নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে চুক্তিভিত্তিক অস্থায়ীভাবে নিয়োগ করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা/মাতার নাম/স্বামীর নাম এবং স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
০১	মোঃ রাজীব ইসমাইল পিতা : সৈয়দ হোসেন মাতা : শিরীন সুলতানা গ্রাম+ডাক-মহেশপুর উপজেলা-দেবিদ্বার, জেলা-কুমিল্লা	ডাঃ জহুরুল হকের বাড়ী (নিচতলা), ১১ বি/২, মীরবাগ, নয়াটোলা, ঢাকা-১২১৭।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি গুরুদয়াল কলেজ কিশোরগঞ্জ
০২	রায়হান আক্তার উম্মে ফাহিরুজ পিতা : মোঃ আব্দুল কাইউম মাতা : রেনুআরা বেগম গ্রাম-দেবগ্রাম (পচিশ্চম পাড়া), ডাক+থানা-আখাউড়া, জেলা-ব্রাহ্মণবাড়িয়া	গ্রাম-দেবগ্রাম (পচিশ্চম পাড়া), ডাক+থানা-আখাউড়া, জেলা-ব্রাহ্মণবাড়িয়া	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি বাঙলা কলেজ মিরপুর, ঢাকা
০৩	মোঃ মনির হোসাইন পিতা: মোঃ আব্দুল মান্নান মাতা : বিবি তাফুরা খাতুন গ্রাম-মানিকপুর, ডাক- উত্তর মানিকপুর থানা-সেনবাগ, জেলা-নোয়াখালী	গ্রাম-মানিকপুর, ডাক- উত্তর মানিকপুর, থানা-সেনবাগ, জেলা-নোয়াখালী	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি এম. সি কলেজ সিলেট
০৪	ফয়েজ আহমদ পিতা : হোসেন আহমদ মাতা : ফয়জুন নেছা গ্রাম-পশ্চিম চর সেকান্দর ডাক-নূরিয়া মাদরাসা উপজেলা-রামগতি, জেলা-লক্ষ্মীপুর।	২১৬, জিয়া হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি বি. এল কলেজ খুলনা
০৫	সজিব সারওয়ার পিতা : সামসুদ্দিন খাঁন মাতা : হোসনে আরা আক্তার গ্রাম-মিরের গাঁও, ডাক-উত্তর শাহাপুর উপজেলা-গজারিয়া, জেলা-মুন্সীগঞ্জ	বাড়ী-৩৪৬ (৩য় তলা), এলিফ্যান্ড রোড, নিউ মার্কেট, ঢাকা-১২০৫।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি ভিক্টোরিয়া কলেজ কুমিল্লা
০৬	কে. এম. আরিফউজ্জামান পিতা : মোঃ আনছার আলী মাতা : মোছাঃ মর্জিনা বেগম গ্রাম-খটখটিয়া, ডাক-খটখটিয়া উপজেলা-সদর, জেলা-রংপুর।	গ্রাম-খটখটিয়া, ডাক-খটখটিয়া, উপজেলা-সদর, জেলা-রংপুর।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র রাজশাহী সরকারি কলেজ রাজশাহী
০৭	আফরোজা আক্তার পিতা : মোঃ ইকরাম আলী মাতা : আনোয়ারা বেগম গ্রাম-জালকুড়ী, ডাক-জালকুড়ী-১৪২০, থানা-সিদ্ধিরগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ	প্রযত্নে-মোঃ ইকরাম আলী, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ (৭ম তলা), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ৮৩-৮৫, মতিঝিল, ঢাকা-১০০০।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি মাদরাসা-ই আলিয়া, বকশিবাজার, ঢাকা।
০৮	শেখ মোঃ আজিজুল আলম পিতা : শেখ মোঃ কাওসার আলি মাতা : রৌশন আরা ৪৪০, সেনপাড়া পর্বতা মিরপুর, ঢাকা-১২১৬।	৪৪০, সেনপাড়া পর্বতা, মিরপুর, ঢাকা-১২১৬।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র সরকারি এম. এম কলেজ যশোর
০৯	মোঃ সাইফুল ইসলাম পিতা : মোঃ সহিদুল ইসলাম মাতা : হোসনে আরা খানম বাসা নং-২৭, রোড নং-২৭ রূপনগর আবাসিক এলাকা সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।	বাসা নং-১১৯/১২০, রোড নং-৫, ব্লক নং-ছ, রাইনখোলা, মিরপুর-২, ঢাকা-১২১৬।	বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র চট্টগ্রাম সরকারি কলেজ চট্টগ্রাম

(চলমান পাতা # ১)

শর্তাবলী ঃ

(১) চাকুরীকালীন সময়ে তিনি সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং এই চুক্তিপত্রই মেয়াদ শেষে অব্যাহতিপত্র হিসাবে গণ্য হবে;

(২) চাকুরী সংক্রান্ত বিদ্যমান প্রবিধানিক ব্যবস্থা অনুযায়ী প্রচলিত আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;

(৩) প্রকল্প পরিচালক তাঁকে এ প্রকল্পের আওতায় যে কোন কর্মক্ষেত্রে বদলী করতে পারবেন;

(৪) কোন কারণ দর্শানো ব্যতীত কর্তৃপক্ষ এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তিপত্র বাতিল করে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করতে পারবেন;

(৫) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন ফেরৎ প্রদান সাপেক্ষে চাকুরী থেকে অব্যাহতি গ্রহন করতে পারবেন, তবে অব্যাহতি গ্রহণের পূর্বে যাবতীয় সরকারি পাওনা (যদি থাকে) পরিশোধ করতে হবে;

(৬) যোগদানের সময় তাঁকে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত স্বীয় শিক্ষাগত যোগ্যতা ও নাগরিকত্ব সনদের কপি এবং সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত ফিটনেসের মূল কপি দাখিল করতে হবে;

(৭) চাকুরীতে যোগদানের ৩ (তিন) মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। পুলিশ ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য থাকলে কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরী হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে;

(৮) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

(৯) মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যথাযথ বিবেচীত না হলে চাকুরী হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে;

(১০) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত নেই চাকুরী সংক্রান্ত এরূপ বিষয়াদী সরকারের প্রচলিত এবং ভবিষ্যতে জারীতব্য আইন, বিধি-বিধান, আদেশ ও পরিপত্র ইত্যাদি মোতাবেক নিয়ন্ত্রিত হবে।

২। উল্লেখিত শর্তাদির আলোকে চাকুরীতে যোগদানে সম্মত থাকলে এতদসঙ্গে সংযুক্ত অঙ্গিকার নামায় স্বাক্ষরসহ আগামী ২০ আগষ্ট'২০১৩ তারিখে প্রকল্প পরিচালক, ইস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ ট্রেনিং সেন্টারস-২ (এফএলটিসি-২) প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কক্ষ নং ৬২৫, শিক্ষা ভবন-১ ব্লক), ঢাকা-এ যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

৩। যথাযথ কর্তৃকপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(স্বাক্ষর)
(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারি সচিব
ফোন # ৯৫৭৫৮০৭

উপ-পরিচালক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
[প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।]

নং-৩৭.০০.০০০০.০৮২.০০৬.০১৬.১২- ৮৫/১(২০)

তারিখ ঃ ২৮ শ্রাবণ ১৪২০বঙ্গাব্দ / ১২ আগস্ট ২০১৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান পরিকল্পনা, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৭। যুগ্ম-প্রধান শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, ইস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ ট্রেনিং সেন্টারস-২ (এফএলটিসি-২) প্রকল্প।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১২। জনাব ---।

(স্বাক্ষর) ১২/৮/১৩
(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারি সচিব

অঙ্গীকারনামা

[৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিতব্য]

এই মর্মে অঙ্গীকার করছি যে, আমি..

পিতা/স্বামী..মাতা..

স্থায়ী ঠিকানা ....

উপরোক্ত ঠিকানা যথাযথ সত্য এবং আমার কোন ঠিকানা গোপন করিনি এবং মিথ্যা ঠিকানা/তথ্য বা সনদপত্র চাকুরির ক্ষেত্রে ব্যবহার করিনি। শিক্ষা মন্ত্রণালয়ের নং-৩৭.০০.০০০০.০৮২.০০৬.০১৬.১২-৮৫১(২০) স্মারকে প্রজ্ঞাপন মোতাবেক "ইস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ ট্রেনিং সেন্টারস-২ (এফএলটিসি-২)" এর আওতায় বর্ণিত নিয়োগ প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি। তদানুযায়ী অদ্য .... আগস্ট'২০১৩ তারিখে "ইংলিশ ল্যাংগুয়েজ ট্রেনার" পদে যোগদান করলাম।

____

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর